মেহেরপুর পৌরসভা কার্যালয়
মেহেরপুর।

'নারী ও শিশু বিষয়ক' স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী।

মেহেরপুর পৌরসভার উদ্দোগে অদ্য ২৯/০৫/২০১৯ ইং তারিখ রোজ বুধবার বেলা ১০.০০ ঘটিকায় পৌরসভার কালাচাঁদ সভাকক্ষে 'নারী ও শিশু বিষয়ক' স্থায়ী কমিটির মাসিক সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন অত্র পৌরসভার ৭, ৮ ও ৯ নং ওয়ার্ডের সংরক্ষিত আসনের মহিলা কাউন্সিলর জনাবা হামিদা।

আলোচ্য সূচী :

১. বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।

২. নির্মিতব্য নতুন বাস ষ্টান্ডে নারীদের নিরাপত্তার বিষয়টি নিশ্চিত করণ প্রসংগে ।

৩. বিবিধ।

সভার শুরুতে সভাপতি মহোদয় সভায় উপস্থিত সকল সদস্যবৃন্দকে আন্তরিক অভিনন্দন জানিয়ে সভার কার্যক্রম শুবু করেন।

আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত
বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন	সভায় সভাপতি মহোদয় আলোচ্য বিষয় অনুযায়ী অত্র পৌরসভার বস্তি উন্নয়ন কর্মকর্তা ও অত্র কমিটির সাচিবিক দায়িত্ব পালনকারী জনাব খোন্দকার জাহিদুল হককে গত ২৫/০৪/২০১৯ ইং তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরনী অত্র সভায় পাঠ করার অনুরোধ করেন। কার্যবিবরণীটি পাঠান্তে কোন সংশোধনী বা সংযোজনী না থাকায় উহা সর্বসম্মতিক্রমে সভায় গৃহীত হয়।	পঠিত ও গৃহীত হল।
নির্মিতব্য নতুন বাস ষ্টান্ডে নারীদের নিরাপত্তার বিষয়টি নিশ্চিত করণ প্রসংগে।	নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি জনাব হামিদা সভায় জানান যে, নারী ও শিশুর উন্নয়নে মেহেরপুর পৌরসভা কতৃক জেন্ডার এ্যাকশন প্ল্যান (GAP) বাস্তবায়নে বিভিন্ন কাজ করা হচ্ছে। তিনি বলেন মেহেরপুর বাসির দির্ঘ দিনের আশা একটি অধুনিক মানের বাস এবং ট্রাক টার্মিনালের। আমরা সকলেই অবগত আছি যে, মেয়র মহোদয়ের অক্লান্ত পরিশ্রমের ফলে নতুন বাস টার্মিনালের কাজ শুরু হতে যাচ্ছে। সভাপতি মহোদয় সভায় বলেন, যেহেতু নতুন বাস টার্মিনালটি শহরের এক পাশে হওয়ায় এখানে নারীদের নিরাপত্তার কিছুটা বিঘ্ন হওয়ার সম্ভাবনা রয়েছে। এ বিষয়ে তিনি মেয়র সহ সকলের দৃষ্টি কামনা করেন। বিষয়টি নিয়ে সভায় ব্যাপক আলোচনান্তে মেয়র	পৌর পরিষদ ও নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটির সকল সদস্য।

	মহোদয় বলেন, নারী ও শিশু সহ সকলের নিরাপত্তার বিষয়টি মাথায় রেখেই বিভিন্ন কার্যক্রম হাতে নেওয়া হয়েছে। নতুন বাস টার্মিনালে ইতি মধ্যে একটি পুলিশ ফাঁড়ি নির্মান করা হয়েছে। পৌরসভার পক্ষ থেকে রাত্রি ও দিনের জন্য আলাদা প্রহরী নিয়োগ দেওয়া হয়েছে। এছাড়া নতুন বাস টার্মিনালের পুরোটাই সিসি ক্যামেরার আওতায় আনার পরিকল্পনা রয়েছে। আশা করি এটি বাস্তবায়ন করতে পারলে নারী ও শিশু সহ সকল যাত্রীর নিরাপত্তা নিশ্চিত করা সম্ভব হবে। এ ব্যাপারে তিনি সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন।	
বিবিধ	মোছাঃ হাসিনা খাতুন, টিএলসিসির সদস্য সভায় জানান, সামনে ঈদ। ঈদ উপলক্ষে মেহেরপুরের মার্কেটগুলিতে ক্রেতাদের উপচে পড়া ভিড় লক্ষ্য করা যায়। কিন্তু প্রধান সড়কটি খুব সরু হওয়ায় যানযট লেগে থাকে এবং ভিড়ের কারণে নারীরা খুবই সমস্যায় থাকেন। বিষয়টি সম্পর্কে সভাপতির মাধ্যমে মেয়র মহোদয়ের দৃষ্টি আকর্ষন করেন। মেয়র মহোদয় বলেন, বিষয়টি সম্পর্কে তিনি চিন্তাভাবনা করছেন। তিনি বলেন যানযট নিরসন সহ নারী ও শিশুরা যাতে নিরাপদে চলাচল করতে পারে সেজন্য তিনি পুলিশ প্রসাশনের সহিত কথা বলবেন। এছাড়া স্কাউট সদস্যদের দিয়ে মার্কেট গুলির নিরাপত্তা বৃদ্ধিসহ ইভটিজিং রোধে ব্যবস্থা নিবেন।	পৌর পরিষদ ও নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটির সকল সদস্য।

সভার এই পর্যায়ে আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকলকে আবারো ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

(হামিদা)
মহিলা কাউন্সিলর ৭, ৮ ও ৯ নং ওয়ার্ড
ও সভাপতি
নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি
মেহেরপুর পৌরসভা।

অনুলিপি অবগতির জন্য প্রেরিত হল:

১. প্রকল্প পরিচালক, তৃতীয় নগর পরিচালন ও অবকাঠামো উন্নতিকরণ" শীর্ষক কারিগরি সহায়তা প্রকল্প।

২. ...., সদস্য, নারী ও শিশু কমিটি।

মেহেরপুর পৌরসভা কার্যালয়
মেহেরপুর।

পরিশিষ্ট কঃ

সভার তারিখঃ ২৯/০৫/২০১৯ ইং

সভার সময়ঃ বেলা ১০.০০ ঘটিকা

সভার স্থানঃ পৌর কালাচাঁদ সভা কক্ষ

সভায় উপস্থিত সদস্যগনের নাম ও স্বাক্ষরঃ

ক্রঃনং	নাম	পদবী	স্বাক্ষর
১	জনাব মোঃ মাহফুজুর রহমান রিটন	মেয়র, মেহেরপুর পৌরসভা	
২	জনাবা মোছাঃ আলপনা খাতুন	মহিলা কাউন্সিলর ১, ২ ও ৩ নং ওয়ার্ড, মেহেরপুর পৌরসভা	
৩	জনাব মোছাঃ শিউলী খাতুন	মহিলা কাউন্সিলর ৪, ৫ ও ৬ নং ওয়ার্ড, মেহেরপুর পৌরসভা	
৪	জনাব নুরুল আশরাফ রাজীব	কাউন্সিলর, ০৭ নং ওয়ার্ড, মেহেরপুর পৌরসভা	
৫	জনাব সৈয়দ মনজুরুল কবীর	কাউন্সিলর, ০৮ নং ওয়ার্ড, মেহেরপুর পৌরসভা	
৬	মোছাঃ হাসিনা খাতুন	টিএলসিসি সদস্য, মেহেরপুর পৌরসভা	
৭	খোন্দকার জাহিদুল হক	বস্তি উন্নয়ন কর্মকর্তা, মেহেরপুর পৌরসভা	
৮	[illegible]	LCDA OCUP-3	
৯			